



রিডিস্ট্রিকটিং 101

পটভূমি

2018-তে, মিশিগান ভোটাররা ভাগ্যকে নিজেদের হাতে নেন এবং প্রস্তাব 18-2 গ্রহণ করে রিডিস্ট্রিকটিং প্রক্রিয়াকে প্রচন্ডভাবে স্থানান্তরিত করেন। বিধায়করা তাদের নিজেদের স্বার্থে সীমারেখা টানার বদলে, নাগরিকরা সীমা টানবেন যা তাদের স্বার্থকে উপস্থাপন করে এবং তাদের ঐতিহাসিক, সাংস্কৃতিক বা অর্থনৈতিক দৃষ্টিভঙ্গিকে সম্মান করে।

মিশিগানের ইতিহাসে প্রথমবার, মিশিগান স্বাধীন নাগরিক রিডিস্ট্রিকটিং কমিশন (MICRC) ন্যায্য এবং স্বাধীন মানচিত্র আঁকার জন্য রিডিস্ট্রিকটিং প্রক্রিয়া চালাবে। রাজ্যটিকে রিডিস্ট্রিকটিং করার জন্য MICRC-এর মিশিগান সংবিধান 1963-এর আর্টিকেল IV, সেকশন 6 এর অধীনে একচেটিয়া কর্তৃত্ব আছে।

MICRC কারা?

MICRC মিশিগান কংগ্রেসশনাল, হাউস, এবং সেনেটের জন্য জেলার সীমা টানার জন্য দায়ী। MICRC রাজ্যের একমাত্র সত্তা যা মিশিগান রাজ্যের জন্য রিডিস্ট্রিকটিং পরিকল্পনা আঁকতে এবং গ্রহণ করতে অনুমোদিত।

MICRC-এ রয়েছেন 9,000 এর বেশি আবেদনকারীর থেকে এলোমেলোভাবে বেছে নেওয়া সমস্ত মিশিগান রাজ্যের থেকে আসা 13 জন নাগরিক। তাদের মধ্যে রয়েছে চার জন যারা ডেমোক্রেটিক পার্টির সাথে জড়িত, পাঁচজন স্বাধীন যারা কোনো প্রধান দলের সাথে জড়িত নন, এবং চারজন যারা রিপাবলিকান পার্টির সাথে জড়িত।

উদ্বোধনী MICRC -এর সদস্যরা হলেন:

কমিশনার ডগলাস ক্লার্ক, অবসরপ্রাপ্ত অপারেশন এবং উন্নয়ন ব্যবস্থাপক

কমিশনার জুনিতা কারি, অবসরপ্রাপ্ত বিশেষ পালিত যত্ন কর্মী কমিশনার এন্ড্রিউ স্ট্রুট, মেডিকেল ছাত্র

কমিশনার রোন্ডা ল্যাঙ্গ, রিয়েল এস্টেট ব্রোকার কমিশনার স্টিভেন লেট, আংশিক-

অবসরপ্রাপ্ত আইনজীবী

কমিশনার ব্রিটনি কেলোম, উদ্যোক্তা এবং ট্রমা প্রাক্টিশনার এবং কমিশনার সিনথিয়া অরটন, কলেজ ছাত্রী

কমিশনার এম সি রথহর্ন, আর্থিক কোঅপারেটর



কমিশনার রেবেকা জেতেলা, আইনজীবী কমিশনার জেনিস ভ্যালোটি, অবসরপ্রাপ্ত ব্যাংকার
কমিশনার এরিন ওয়াগনার, পরিবারের প্রকৌশলী
কমিশনার রিচার্ড উইস, অবসরপ্রাপ্ত অটো কর্মী ও হ্যান্ডিম্যান কমিশনার ডাস্টিন রয়টার্সের, মাইনে বিশেষজ্ঞ

উদ্বোধনী MICRC কর্মীর মধ্যে রয়েছেন নির্বাহী পরিচালক সুয়ান হ্যামারস্মিথ, সাধারণ পরামর্শ দাতা জুলিয়ানে প্যাস্টুলা, এবং
যোগাযোগ এবং আউটরিচ ডিরেক্টর এডওয়ার্ড উডস III.

MICRC-এর সাংবিধানিক দায়িত্ব কি কি?

কোনো সীমারেখা টানার আগে, MICRC-কে অন্তত 10 টি প্রকাশ্য শুনানি করতে হবে। মিশিগান সংবিধান অনুসারে, এই প্রকাশ্য
শুনানিগুলির উদ্দেশ্য হবে:

1. জনগণকে রিডিস্ট্রিকটিং প্রক্রিয়ার সম্পর্কে জানানো।
2. কমিশনের উদ্দেশ্য এবং দায়িত্ব সম্পর্কে জানানো।
3. জনগণের থেকে মিশিগান কংগ্রেসশনাল, হাউস, এবং সেনেট জেলার সম্ভাব্য রিডিস্ট্রিকটিং পরিকল্পনার জন্য তথ্য চাওয়া।

মিশিগান সংবিধান নির্দিষ্ট মানদণ্ড এবং পদ্ধতির রূপরেখা দিয়েছে যা MICRC-কে অবশ্যই ব্যবহার করতে হবে যখন সেটি একটি
রিডিস্ট্রিকটিং পরিকল্পনা উপস্থাপনা করে এবং গ্রহণ করে। সাংবিধানিক মানদণ্ড অগ্রাধিকারক্রম হিসাবে নীচে তালিকাভুক্ত করা হলো:

(a) জেলাগুলি মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধান দ্বারা বাধ্যতামূলক সমান জনসংখ্যার হবে এবং ভোটের অধিকার আইন
এবং অন্যান্য যুক্তরাষ্ট্রীয় আইন মেনে চলবে।

(b) জেলাগুলি ভৌগোলিকভাবে সংলগ্ন হতে হবে। দ্বীপ এলাকাগুলি যে কাউন্টির অংশ তাদের ভূমির সংলগ্ন হতে
হবে।

(c) জেলাগুলি রাজ্যের বিভিন্ন জনসংখ্যা এবং আলোচ্য সম্প্রদায়ের প্রতিফলন করতে হবে। আলোচ্য সম্প্রদায়ের মধ্যে
থাকবে, কিন্তু সীমিত হবে না, জনসংখ্যা যা সাংস্কৃতিক বা ঐতিহাসিক চরিত্র বা অর্থনৈতিক আগ্রহ শেয়ার করে। আলোচ্য সম্প্রদায়ের
রাজনৈতিক দল, পদশালী, বা রাজনৈতিক প্রার্থীর সাথে সম্পর্ক থাকবে না।



(d) জেলাগুলি কোনো রাজনৈতিক দলের একটি অসম সুবিধা দেবে না। একটি রাজনৈতিক দলের একটি অসম সুবিধা নির্ণয় করা হবে দলীয় ন্যায্যতার গ্রহণযোগ্য পদ্ধতি ব্যবহার করে।

(e) জেলাগুলি একজন পদশালী নির্বাচিত কর্মকর্তা বা একটি প্রার্থীকে সাহায্য বা বিরোধ করবে না।

(f) জেলাগুলি কাউন্টি, শহর এবং টাউনশিপ সীমার বিবেচনা প্রতিফলিত করবে।

(g) জেলা যুক্তিসঙ্গতভাবে কম্প্যাক্ট হবে।

প্রত্যেক ধরনের জেলার জন্য অন্তত একটি পরিকল্পনা তৈরী করার পরে, দ্বিতীয় রাউন্ডের প্রকাশ্য শুনানি হবে। MICRC-কে রাজ্য জুড়ে জনগণের থেকে মিশিগান কংগ্রেসশনাল, হাউস, এবং সেনেট জেলার রিডিস্ট্রিকটিং করার বিষয়ে প্রস্তাবিত পরিকল্পনার বিষয়ে মন্তব্য চাইবার জন্য অন্তত পাঁচটি প্রকাশ্য শুনানি করতে হবে।

সংবিধানের আরও প্রয়োজন যে MICRC -কে কোনো রিডিস্ট্রিকটিং পরিকল্পনার জন্য ভোট করার আগে পরিকল্পনাগুলি প্রকাশ করতে হবে এবং প্রস্তাবিত পরিকল্পনা বা পরিকল্পনাগুলির উপর জনগণের মন্তব্যের জন্য কমপক্ষে 45 দিন দিতে হবে। একটি চূড়ান্ত রিডিস্ট্রিকটিং পরিকল্পনা গ্রহণ করার জন্য, MICRC -এর একটি সংখ্যাগরিষ্ঠ ভোট দরকার যার মধ্যে থাকবে অন্তত দুটি করে কমিশনার যারা দুই প্রধান দলের সাথে জড়িত এবং দুই কমিশনার যারা কোনো প্রধান দলের সাথে জড়িত নয়। যদি এটি করা সম্ভব না হয়, চূড়ান্ত মানচিত্র গ্রহণ করার জন্য কমিশনকে সংবিধানে প্রদত্ত পদ্ধতি অনুসরণ করতে হবে।

মিটিং এবং প্রকাশ্য শুনানি কোথায় হবে?

MICRC বৃহস্পতিবার করে সপ্তাহে একদিন দেখা করে। কোবিড- 19 অতিমারীর জন্য, এই মিটিংগুলি ভার্চুয়ালি হবে। ইন-পারসন মিটিং আবার চালু হলে, MICRC মিশিগান রাজ্য জুড়ে মিটিং করবে। অনুগ্রহ করে www.michigan.gov/MICRC-তে যান মিটিংয়ের স্থান এবং সময় জানার জন্য।

প্রথম পর্যায়ের প্রকাশ্য শুনানিগুলি নিম্নলিখিত তারিখ এবং অবস্থানের জন্য বিকেল 6:00 তে নির্ধারিত হয়েছে। বৃহস্পতিবারের প্রকাশ্য শুনানি ছাড়াও, MICRC তার সাপ্তাহিক মিটিংও করবে (বিকেল 5:00 টায়)



মঙ্গলবার

আমেরিকান 1 ইভেন্ট সেন্টার
জ্যাকসন
মে 11

নর্দান মিশিগান ইউনিভার্সিটি
মার্কুইটে
মে 18

গ্রেট হল বান্ধোয়েট & ইভেন্ট সেন্টার

মে 25

ডট সেন্টার
ফ্লিন্ট
জুন 1

সাবার্বান কালেকশন শোপ্পেস
নোভি
জুন 8

ডেট্রয়েট
টি ভিলেজ ডোম অ্যাট ফেলোশিপ চ্যাপেল
15

পোর্ট হার্ন
ক্ল ওয়াটার কনভেনশন সেন্টার
জুন 22

মুস্কেগন
ভ্যানডাইক মর্টগেজ কনভেনশন সেন্টার

বৃহস্পতিবার

উইংস ইভেন্ট সেন্টার
কালামাজু
মে 13

ট্রিটপ রিসোর্টস
গেলর্ড
মে 20

ল্যাংসিং সেন্টার মিডল্যান্ড
ল্যাংসিং
মে 27

ফোর্ড কমিউনিটি এন্ড
পারফর্মিং আর্টস সেন্টার
ডায়ারবর্ন
জুন 3

সেন্টারপয়েন্ট ম্যারিয়ট
পন্টিয়াক
জুন 10

ডেট্রয়েট
টিসিফ কেন্দ্র জুন
জুন 17

ওয়ারেন
MRCC বান্ধোয়েট সেন্টার
জুন 24

গ্র্যান্ড রেপিডস
ডেভস প্লেস জুন 29
জুলাই 1

দ্বিতীয় দফার প্রকাশ্য শুনানি ডেট্রয়েট, ফ্লিন্ট, গেলর্ড, গ্র্যান্ড রেপিডস, ল্যাংসিং, মার্কুইটে, নোভি এবং ওয়ারেনে হয় নভেম্বর বা ডিসেম্বরে



হবে। দয়া করে নির্দিষ্ট তারিখ এবং সময়ের জন্য অপেক্ষায় থাকুন।

দয়া করে মনে রাখুন এই তারিখ এবং/অথবা অবস্থানগুলি পরিবর্তন সাপেক্ষ। [MICRC](#) কবের মধ্যে কাজ শেষ করবে

আশা করা যেতে পারে?

সংবিধানে সময়সীমা দেওয়া হয়েছে পয়লা নভেম্বর। কিন্তু, 2020 এর আদমশুমারির তথ্যের দেরিতে প্রকাশের জন্য, এই সময়ে এটি জানা নেই যে MICRC কবে তার রিডিস্ট্রিকটিং কাজ সমাপ্ত করতে পারবে। ফেডারেল আইনের অধীনে আদমশুমারির তথ্য রাজ্যদের কাছে পয়লা এপ্রিলের মধ্যে দিতে হবে, কিন্তু মার্কিন যুক্তরাষ্ট্রে সেনসাস ব্যুরোর অনুসারে এটি 30 শে সেপ্টেম্বর প্রকাশ হওয়ার কথা রয়েছে।

সংবিধান বলে যে MICRC-কে প্রস্তাবিত রিডিস্ট্রিকটিং পরিকল্পনাগুলিকে প্রকাশ করতে হবে এবং জনগণের মন্তব্যের জন্য কমপক্ষে 45 দিন দিতে হবে। বর্তমান পয়লা নভেম্বর সময়সীমার হিসাবে, এটি হওয়ার কথা 17 সেপ্টেম্বর বা তার আগে 45 দিনের মধ্যে MICRC দ্বিতীয় পর্যায়ের প্রকাশ্য শুনানি করবে। এটা হিসাব করে যে আদমশুমারির তথ্য 30 শে সেপ্টেম্বরের আগে প্রকাশ হবে না, 45 দিনের জনগণের মন্তব্যের সময় 17 ই সেপ্টেম্বর শুরু করা এবং পয়লা নভেম্বরে শেষ করা অসম্ভব হবে।

বিলম্বিত আদমশুমারির তথ্যের জন্য হওয়া সময়ের সমস্যাকে সামলানোর জন্য, সম্প্রতি MICRC মিশিগান সুপ্রিম কোর্টের কাছে তার গুরুত্বপূর্ণ কাজ সমাপ্ত করার সময়সীমা পরিবর্তনের আর্জি জানবার জন্য ভোট করেছে। আরও তথ্যের জন্য অপেক্ষা করুন।

আমি কেন রিডিস্ট্রিকটিংয়ের জন্য চিন্তিত হবো?

খাঁটি প্রতিনিধিত্ব গণতন্ত্রের জন্য, দয়া করে নিচের তিনটি কারণ বিবেচনা করুন যে কেন আপনি রিডিস্ট্রিকটিংয়ের জন্য চিন্তিত হবেন।

1. বিধায়করা তাদের দলগত সুবিধা বজায় রাখার জন্য তাদের সীমারেখা টানার বদলে, MICRC নাগরিকদের তাদের স্বার্থ সবচেয়ে বেশি প্রতিনিধিত্ব করে সেই রকম সীমারেখা টানার জন্য মতামত দেবার ক্ষমতা দেয়।
2. নতুন রিডিস্ট্রিকটিং প্রক্রিয়া নিশ্চিত করে যে রাজ্যজোড়া জনগণের অংশগ্রহণের সুযোগের সাথে রিডিস্ট্রিকটিং একটি প্রকাশ্য এবং স্বচ্ছ ভাবে হয়।



3. আলোচ্য সম্প্রদায়ের আওয়াজ থাকবে দলগত সুবিধার জন্য গেরিমান্ডারিং এবং এলাকা ভাগ করে নেওয়া রুখতে, যা এই সব সম্প্রদায়ের ক্ষতি করে।

আমি কিভাবে MICRC-এর সাথে জড়িত হবো?

- ওয়েবসাইট: www.michigan.gov/MICRC
- সামাজিক মাধ্যম চ্যানেল: ফেসবুক, টুইটার, বা ইনস্টাগ্রাম
- মিটিংগুলিকে সরাসরি বা রেকর্ড করা অবস্থায় ইউটিউবে দেখুন।
- ইমেইল: Redistricting@michigan.gov
- চিঠি লিখুন: MICRC/পিও বক্স 30318/ল্যাংসিং, এমআই 48909
- মন্তব্য: প্রকাশ্য মন্তব্য করুন বৃহস্পতিবার MICRC-এর সাপ্তাহিক মিটিংয়ে এবং আসন্ন প্রকাশ্য শুনানিতে।
- ফোরাম: টাউন হল ফোরামে যোগ দিন।

সংস্থারা MICRC-কে সাহায্য করার জন্য কি করতে পারে? সংস্থার নিম্নলিখিতভাবে MICRC-কে সাহায্য করতে পারে:

1. আপনার সদস্যদেরকে মিশিগানের নতুন রিডিস্ট্রিকটিং প্রক্রিয়া সম্পর্কে আরও জানার জন্য রেফার করুন এই ওয়েবসাইটে, www.michigan.gov/MICRC.
2. মিশিগান রাজ্য জুড়ে MICRC-এর মিটিং এবং/অথবা প্রকাশ্য শুনানিতে যোগ দিন/দেখুন এবং প্রোমোট করুন।
3. MICRC-তে মিশিগান কংগ্রেসশনাল, সেনেট, এবং হাউস জেলার জন্য প্রকাশ্য মন্তব্য এবং/অথবা প্রস্তাবিত রিডিস্ট্রিকটিং ম্যাপ জমা দিন।
4. আঞ্চলিক সম্প্রদায়ের সংস্থাগুলির সাথে রিডিস্ট্রিকটিং প্রক্রিয়ার সম্পর্কে তথ্য দেবার জন্য একটি টাউন হল ফোরামে জড়িত হন এবং হোস্ট করুন।

রিডিস্ট্রিকটিং সম্পর্কে আরও জানার জন্য অথবা সাইন আপ করা এবং এলাট পাবার জন্য, অনুগ্রহ করে যান www.michigan.gov/MICRC.-তে।